গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন এয়ারপোর্ট রোড, এলেনবাড়ী
তেজগাঁও, ঢাকা-১২১৫।

নং-বিআরটিএ/৪১এম-১(অংশ-১)/২০০০-১৭৫২

তারিখ ঃ ২১-০৬-২০০১ খ্রিঃ।

# সার্কুলার

মোটর ভেহিক্যালস অর্ডিন্যান্স, ১৯৮৩ (১৯৮৩ সনের ৫৫ নং আইন) এর বিভিন্ন ধারায় পুলিশ অফিসার ছাড়াও বিআরটিএ'র কর্মকর্তা ও অন্যান্যদের বিভিন্ন দায়িত্ব ও আইন প্রয়োগের ক্ষমতা অর্পণের বিধান আছে। সড়ক ও রেলপথ বিভাগের ১৮-০৬-২০০১ তারিখের নং-সওরে/বিআরটিএ/অর্ডিন্যান্স-৮/২০০১-১৮২ সংখ্যক স্মারকের নির্দেশানুসারে বিআরটিএ কর্তৃক ২১-০৬-২০০১ তারিখের প্রজ্ঞাপন নং-বিআরটিএ/৪১এম-১(অংশ-১)/২০০০-১৭৫১(পরিশিষ্ট-ক) জারী করে এ অথরিটির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণকে উপরিউক্ত অর্ডিন্যান্সের ১৫৯, ১৬১, ১৬২ এবং ১৬৪ ধারার অধীনে প্রয়োগযোগ্য ক্ষমতা প্রদান করা হয়েছে। প্রয়োজনীয় বিধি-প্রবিধি প্রণীত না হওয়া পর্যন্ত অর্ডিন্যান্সের ১৫৯ ধারার অধীনে প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ উক্ত ধারার অধীনে অপরাধের অভিযোগপত্র দায়ের ও অভিযোগ নিস্পত্তিকরণে এবং অন্যান্য দায়িত্ব পালনে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করবেনঃ

১। অর্ডিন্যান্সের ১৫৯(১) ধারা অনুযায়ী প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা ৩ (তিন) ফর্দ অভিযোগপত্র (পরিশিষ্ট-খ) প্রস্তুত করবেন। সম্ভাব্য ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তির স্বাক্ষর গ্রহণপূর্বক অভিযোগপত্রের এক কপি অভিযুক্ত ব্যক্তিকে হস্তান্তর করবেন অথবা প্রাপ্তি স্বীকার রশিদসহ ডাকযোগে প্রেরণ করবেন, এক কপি অভিযোগ নিস্পত্তিকারী কর্তৃপক্ষের অর্থাৎ ক্ষেত্রমত সংশ্লিষ্ট এলাকার পুলিশ সুপার অথবা উপ-পুলিশ কমিশনার(ট্রাফিক) অথবা এ অথরিটির সংশ্লিষ্ট সার্কেলের দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক(ইঞ্জিঃ) অথবা ঢাকা(উত্তর) ও ঢাকা(দক্ষিণ) সার্কেলের ক্ষেত্রে সদর কার্যালয়ের রেভিনিউ অফিসার অথবা ক্ষমতাপ্রাপ্ত/ সময় সময় প্রজ্ঞাপিত অন্য কোন কর্মকর্তার নিকট প্রেরণ করবেন এবং ছক-ক মতে রেজিস্টারে লিপিবদ্ধ করে এক কপি নিজ অফিসে সংরক্ষণ করবেন।

২) অপরাধ কাজে ব্যবহৃত মোটরযান অথবা অপরাধের সাথে জড়িত মোটরযান চালকের নিকট থেকে অভিযোগকারী কর্মকর্তা কর্তৃক জব্দকৃত কাগজপত্র, দলিলাদি, লাইসেন্স, ইত্যাদি (যদি থাকে) অভিযোগ নিস্পত্তিকারী কর্তৃপক্ষের নিকট যতশীঘ্র সম্ভব হস্তান্তর/ প্রেরণ করতে হবে।

৩) অভিযোগ নিস্পত্তিকারী কর্তৃপক্ষ নির্ধারিত ছক/এতদ্‌সংগে সংযুক্ত ছক-খ অনুযায়ী অভিযোগ রেজিস্টার সংরক্ষণ করবেন এবং প্রাপ্ত অভিযোগ ও দলিলাদির বিবরণ, ধার্যকৃত/পরিশোধিত জরিমানার পরিমাণ, ইত্যাদি উক্ত রেজিস্টারে লিপিবদ্ধ করার ব্যবস্থা করবেন।

৪) অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগপত্রে উল্লেখিত তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের অনুমোদিত শাখায় খাত নং "১/৫০৪৩/০০০০/১৮০১ জরিমানা ও দন্ড"-তে অথবা অনুমোদিত ডাকঘর থেকে যানবাহন জরিমানা স্ট্যাম্প ক্রয় করে অভিযোগ নিস্পত্তিকারী কর্তৃপক্ষের অফিসে জমা দিয়ে জরিমানা পরিশোধ করবেন। জরিমানা যথাযথভাবে পরিশোধ করা হলে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আর কোন ব্যবস্থা গ্রহণ করা হবেনা।

৫) অভিযুক্ত ব্যক্তি জরিমানা জমা চালানের কপি/জরিমানা স্ট্যাম্প জমা করার রশিদ প্রদর্শন পূর্বক সংশ্লিষ্ট নিস্পত্তিকারী কর্তৃপক্ষের অফিস থেকে অভিযোগকারী কর্তৃক জব্দকৃত বৈধ কাগজপত্র/দলিলাদি ফেরত নিতে পারবেন।

৬) অভিযোগপত্রে উল্লেখিত তারিখের মধ্যে জরিমানা পরিশোধ না করা হলে অভিযোগ নিস্পত্তিকারী কর্তৃপক্ষ অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সংশ্লিষ্ট আদালতে মামলা দায়ের করবেন এবং আইনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭) অভিযোগকারী এবং অভিযোগ নিস্পত্তিকারী কর্তৃপক্ষ প্রতি মাসের প্রথম সপ্তাহে এতদ্‌সংগে সংযুক্ত ছক -গ অনুযায়ী বিগত মাসের দায়েরকৃত অভিযোগ/ মামলার বিবরণ, অগ্রগতি ও ফলাফল সম্পর্কে এ অথরিটিকে অবহিত করবেন।

মোঃ আজিজুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
ফোন ঃ ৮১১১৪০০।

নং- বিআরটিএ/৪১এম-১(অংশ-১)/২০০০-১৭৫২/১(৮৫) তারিখ ঃ ২১-০৬-২০০১।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, .................................................................. (সকল)।
২। রেভিনিউ অফিসার, বিআরটিএ সদর কার্যালয়, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
৩। মোটরযান পরিদর্শক, বিআরটিএ, .................................................................. (সকল।
৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা। তাঁকে উক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।

মোঃ আজিজুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
ফোন ঃ ৮১১১৪০০।

নং- বিআরটিএ/৪১এম-১(অংশ-১)/২০০০-১৭৫২/২(২৫০) তারিখঃ ২১-০৬-২০০১।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সড়ক ও রেলপথ বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৫। সচিব, আইন ও বিচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা।
৯। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, জিপিও ভবন, ঢাকা।
১১। বিভাগীয় কমিশনার, .................................................... (সকল বিভাগ)।
১২। চীফ মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট, ....................................... (সকল মেট্রো)।
১৩। পুলিশ কমিশনার, .......................................................... (সকল মেট্রো)।
১৪। পরিচালক(ইঞ্জিঃ/প্রশাসন), বিআরটিএ, ঢাকা।
১৫। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট ...................................... (সকল জেলা)।
১৬। পুলিশ সুপার, ............................................................... (সকল জেলা)।
১৭। উপ-পুলিশ কমিশনার, ট্রাফিক ............................................ (সকল মেট্রো)।
১৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ............................................ (সকল জেলা)।
১৯। অতিরিক্ত চীফ মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট, .............................. (সকল মেট্রো)।
২০। ..............................................................................।

মোঃ আজিজুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
ফোন ঃ ৮১১১৪০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন এয়ারপোর্ট রোড, এলেনবাড়ী
তেজগাঁও, ঢাকা-১২১৫।

# প্রজ্ঞাপন

ঢাকা ৭ আষাঢ়, ১৪০৮/ ২১ জুন, ২০০১

নং- বিআরটিএ/৪১এম-১(অংশ-১)/২০০০-১৭৫১- Motor Vehicles Ordinance, 1983 (Ord. No. LV of 1983) এর section 159 এর sub-section (1) ও (2), section 161 এর sub-section (1) ও (2), section 162 এবং section 164 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে Bangladesh Road Transport Authority উক্ত বিধানসমূহের উদ্দেশ্য পূরণকল্পে নিম্ন টেবিলে উল্লিখিত পদধারী কর্মকর্তাগণকে তাহাদের পদের বিপরীতে উল্লিখিত ধারার অধীনে প্রয়োগযোগ্য ক্ষমতা প্রদান করিল, যথা ঃ-

## টেবিল

| ক্রমিক নং | কর্মকর্তাগণের পদবী | ধারা |
|---|---|---|
| (১) | সহকারী পরিচালক(ইঞ্জিনিয়ারিং), বি, আর, টি, এ। | ১৫৯ এর উপ-ধারা (১) ও (২), ১৬১ এর উপ-ধারা (১) ও (২), ১৬২, ১৬৪ এর উপ-ধারা (১)। |
| (২) | রেভিনিউ অফিসার, সদর কার্যালয়, বি, আর, টি, এ। | ১৫৯ এর উপ-ধারা (১) ও (২), ১৬১ এর উপ-ধারা (১) ও (২), ১৬২, ১৬৪ এর উপ-ধারা (১)। |
| (৩) | মোটর ভেহিক্যালস্ ইন্সপেক্টর বা উক্ত পদের দায়িত্ব পালনকারী ম্যাকানিক্যাল এসিসটেন্ট, বি, আর, টি, এ। | ১৫৯ এর উপ-ধারা (১) ও (২), ১৬১ এর উপ-ধারা (১) ও (২), ১৬২। |

অথরিটি এর আদেশক্রমে,

মোঃ আজিজুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
ফোন ঃ ৮১১১৪০০।

নং- বিআরটিএ/৪১এম-১(অংশ-১)/২০০০-১৭৫১/১(৮৫) তারিখঃ ২১-০৬-২০০১।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, ..................................................... (সকল)।
২। রেভিনিউ অফিসার, বিআরটিএ সদর কার্যালয়, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
৩। মোটরযান পরিদর্শক, বিআরটিএ, ..................................................... (সকল)।
৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা। তাঁকে উক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।

মোঃ আজিজুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
ফোন ঃ ৮১১১৪০০।

ক্রমিক নং-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)

# মোটর ভেহিক্যালস্ অর্ডিন্যান্স, ১৯৮৩ এর ১৫৯(১) ধারার বিধানমতে অপরাধের অভিযোগপত্র

অপরাধ সংঘটনের তারিখ : সময়ঃ স্থান ঃ

অভিযুক্তের নাম ঃ মোটরযানের নম্বরঃ

অভিযুক্তের ঠিকানা ঃ

অপরাধ (টিক চিহ্নিত) ঃ

| ধারা | অপরাধের বর্ণনা | ধারা | অপরাধের বর্ণনা |
|---|---|---|---|
| ☐ ১৩৭। | মোটরযান আইনে সুনির্দিষ্ট নয়, এমন সাধারন অপরাধের শাস্তি | ☐ ১৫২। | রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট অথবা পারমিট ছাড়া মোটরযান রাস্তায় চালানো। |
| ☐ ১৩৯। | নিষিদ্ধকৃত হর্ণ কিংবা শব্দ সৃষ্টিকারী যন্ত্র মোটরযানে লাগানো ও ব্যবহার। | ☐ ১৫৩। | অনুমতি ব্যতীত এজেন্ট ও ক্যানভাসার হিসাবে কাজ করা। |
| ☐ ১৪০। | আইনানুগ কর্তৃপক্ষের আদেশ অমান্য, বাধা সৃষ্টি ও তথ্য প্রদানে অস্বীকৃতি। | ☐ ১৫৪। | অনুমোদিত ওজনের চেয়ে বেশী ওজন নিয়ে মোটরযান রাস্তায় চালানো। |
| ☐ ১৪২। | মাত্রাতিরিক্ত গতিতে মোটরযান চালানো। | ☐ ১৫৫। | বীমা পলিসি ব্যতীত মোটরযান চালানো। |
| ☐ ১৪৩। | মোটরযান চালক কর্তৃক সড়ক দুর্ঘটনার পর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে ব্যর্থতা। | ☐ ১৫৬। | অনুমতি ব্যতিরেকে মোটরযান নিয়ে যাওয়া এবং রাস্তায় চালানো। |
| ☐ ১৪৯। | ত্রুটিপূর্ণ অথবা বিপজ্জনক মোটরযান রাস্তায় চালানো। | ☐ ১৫৭। | জনসাধারণের ব্যবহার্য সড়কে অথবা স্থানে মোটরযান বা এর যন্ত্রাংশ অথবা অন্যান্য দ্রব্যাদি রেখে প্রতিবন্ধকতা সৃষ্টি করা। |
| ☐ ১৫০। | ক্ষতিকর ধোঁয়া নির্গত হওয়া মোটরযান রাস্তায় চালানো। | ☐ ১৫৮। | মোটরযান অথবা এর যন্ত্রাংশে অবৈধ পরিবর্তন বা ক্ষতিসাধন। |
| ☐ ১৫১। | মোটরযান আইনের সাথে সংগতিপূর্ণ নয় এমন মোটরযান বিক্রয় এবং মোটরযানে অননুমোদিত পরিবর্তন সাধন। | | |

এ ক্ষেত্রে অপরাধের সংক্ষিপ্ত বিবরণঃ

আদায়কৃত জরিমানা (টাকা)ঃ *জরিমানা জমা খাতঃ ১/৩০৪৩/০০০০/১৯০১ জরিমানা ও দণ্ড

জব্দকৃত দলিলাদির বিবরণ (টিক চিহ্নিত) ঃ (১) ড্রাইভিং লাইসেন্স (২) রেজিঃ সার্টিফিকেট (৩) ফিটনেস সার্টিফিকেট (৪) রুট পারমিট (৫)ট্যাক্স টোকেন (৬) বীমা পলিসি (৭) অন্যান্য।

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/অভিযোগকারীর পুরো নাম ও পদবী ঃ

অভিযোগ নিষ্পত্তিকারী কর্তৃপক্ষ ঃ তারিখঃ সময়ঃ

অভিযুক্তের স্বাক্ষর
তারিখ ঃ

অভিযোগকারীর স্বাক্ষর
তারিখ ঃ

---

অভিযোগ নিষ্পত্তিকারী কর্তৃপক্ষের কপিঃ
অভিযুক্তের কপি ঃ
অফিস কপি ঃ

নোট ঃ *জরিমানা ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক অনুমোদিত শাখায় জমা করা যাবে অথবা অনুমোদিত ডাকঘর থেকে যানবাহন জরিমানা স্ট্যাম্প ক্রয় করে অভিযোগ নিষ্পত্তিকারী কর্তৃপক্ষের অফিসে জমা করা যাবে।

# ছক-ক

## মোটর ভেহিক্যালস্ অর্ডিন্যান্স, ১৯৮৩ এর ১৫৯(১) ধারার বিধানমতে অপরাধের অভিযোগ রেজিস্টার

| ক্রমিক নং | অভিযোগপত্র নং | প্রাপ্তির তারিখ | অভিযুক্ত ব্যক্তির নাম ও ঠিকানা | অপরাধের ধারা | অপরাধের সংক্ষিপ্ত বর্ণনা | ধার্যকৃত জরিমানা (টাকা) | জব্দকৃত দলিলাদির বিবরণ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

| অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তার নিকট প্রেরণের তারিখ | অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তার বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| | | |
| ৯ | ১০ | ১১ |

# ছক-খ

## মোটর ভেহিক্যালস্ অর্ডিন্যান্স, ১৯৮৩ এর ১৫৯(১) ধারার বিধানমতে অপরাধের অভিযোগ/ মামলা সংক্রান্ত রেজিস্টার

| ক্রমিক নং | অভিযোগপত্র নং | প্রাপ্তির তারিখ | অভিযুক্ত ব্যক্তির নাম ও ঠিকানা | অপরাধের ধারা | অপরাধের সংক্ষিপ্ত বর্ণনা | ধার্যকৃত জরিমানা (টাকা) | জব্দকৃত দলিলাদির বিবরণ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

| জরিমানা পরিশোধের তারিখ, রশিদ/চালান নম্বর | কোর্টে প্রেরণের তারিখ | কোর্টের নাম | বিচারের ফলাফল | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | খালাস | শাস্তি | |
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |

# ছক-গ

## মোটর ভেহিক্যালস্ অর্ডিন্যান্স, ১৯৮৩ এর ১৫৯(১) ধারার বিধানমতে অপরাধের অভিযোগ/মামলা সংক্রান্ত মাসিক বিবরণী।

সার্কেল/জোনের নামঃ মাসঃ

| ক্রমিক নং | অভিযোগের সংখ্যা | আদায়কৃত জরিমানা | মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিচারের ফলাফল | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | খালাস | শাস্তি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |